



## জেলা পরিষদ

চট্টগ্রাম।


[www.zpchattogram.org](http://www.zpchattogram.org)

### শিক্ষা বৃত্তি প্রদানের সংশোধিত বিজ্ঞপ্তি

চট্টগ্রাম জেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২০২৩-২০২৪ অর্থবছরে বাজেট বরাদ্দের আওতায় চট্টগ্রাম জেলার স্থায়ী অধিবাসী (চট্টগ্রাম সিটি কর্পোরেশন/পৌরসভা এলাকা ব্যতীত) দরিদ্র ও অসহায় শিক্ষার্থী যারা ২০২৩ সালে এসএসসি/এইচএসসি/ ডিগ্রি/অনার্স/সমমানের পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে তাদেরকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যে জেলা পরিষদের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

#### শর্তাবলী :

- ১। আবেদনকারীকে অবশ্যই চট্টগ্রাম জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী হতে হবে।
- ২। আবেদনকারী ছাত্র-ছাত্রীকে ২০২৩ সালে অনুষ্ঠিত এসএসসি/এইচএসসি/সমমানের পরীক্ষায় ন্যূনতম অতিরিক্ত বিষয় ব্যতীত জিপিএ-৫ এবং ডিগ্রি/অনার্স/সমমানের পরীক্ষায় ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ প্রাপ্ত হতে হবে। ২০২৩ সালের পূর্বে বা পরে যারা উল্লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তাদের আবেদন বিবেচনা করা হবে না।
- ৩। আবেদনপত্রের সঙ্গে মূল মার্কশিটের সত্যায়িত ফটোকপি, সম্প্রতি তোলা ১ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সুপারিশ ও প্রত্যয়নপত্র, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদের মূলকপি এবং অভিভাবকের আয়ের উৎস ও বার্ষিক আয় বিষয়ক প্রত্যয়নপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে। আবেদন পত্র স্বহস্তে পূরণ করতে হবে। আবেদনকারী কর্তৃক কোন ভুল বা মিথ্যা তথ্য উপস্থাপন করা হলে শিক্ষাবৃত্তি বাতিলসহ তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৪। আবেদন পত্রের নমুনা ফরম [www.zpchattogram.org](http://www.zpchattogram.org) ওয়েবসাইট, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান এবং জেলা পরিষদ, চট্টগ্রাম এর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে।
- ৫। আবেদন পত্র পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে আগামী ৩১/০৩/২০২৫ খ্রিঃ তারিখের পরিবর্তে ২০/০৪/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে অত্র কার্যালয়ে পৌছাতে হবে অর্থাৎ সরাসরি কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন পত্র গৃহীত হবে না।
- ৬। বিস্তারিত তথ্যাদি প্রয়োজনে জেলা পরিষদ, চট্টগ্রাম কার্যালয়ের সংশ্লিষ্ট শাখা হতে জানা যাবে।
- ৭। বৃত্তি প্রদানের ক্ষেত্রে জেলা পরিষদ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত মর্মে গণ্য হবে।

  
(মো. দিদারুল আলিম)  
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)  
জেলা পরিষদ, চট্টগ্রাম।

তারিখ : ২০/০২/২০২৫ খ্রিঃ

স্মারক নং : ৪৬.৪২.১৫০০.০০১.৩৬.০০১.২৪.৬৫৭৬

#### অনুলিপি :

- ১। রেজিস্ট্রার/অধ্যক্ষ/সুপার

এতদসঙ্গে প্রেরিত নমুনা ফরমে দরখাস্তসমূহ গ্রহণ ও বাছাই করে বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখের মধ্যে চট্টগ্রাম জেলা পরিষদে প্রেরণ নিশ্চিত করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

- ২। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক পূর্বকোণ, চট্টগ্রাম। এর নিকট প্রেরণপূর্বক বিজ্ঞপ্তিটি তাঁর বহুল প্রচারিত পত্রিকায় আগামী

খ্রিঃ তারিখ ৩ কলাম x ৬ ইঞ্চি = ১৮ ইঞ্চি কলাম পরিসরে ছাপানোর জন্য অনুরোধ করা যাচ্ছে।

  
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃ)  
জেলা পরিষদ, চট্টগ্রাম।